# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**10 JUNE 2026** **7:45—7:55 PM**

---

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একনাগারে সর্বাধিক সময়ের জন্য শাসনের দায়িত্বে থাকা দেশের প্রথম নির্বাচিত প্রধানমন্ত্রী হিসেবে পরিগণিত ।

২) রাজ্যের চা-বাগান অঞ্চলের ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার উদ্দেশ্যে বিনামূল্যে পরিবহণ সুরক্ষা-বাহণ প্রকল্প আরম্ভ ।

৩) বিনামূল্যে পাঠ্যপুস্তক সম্পর্কীত রাজ্য পর্যায়ের সমিতির সদস্যদের সঙ্গে শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগুর বৈঠক ।

এবং

৪) রাজ্যসভার সভাপতি সি পি রাধাকৃষ্ণণের তৃণমূল কংগ্রেসের সাংসদ সুষ্মিতা দেবের পদত্যাগপত্র গ্রহণ ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ একনাগাড়ে সর্বাধিক সময়ের জন্য শাসনের দায়িত্বে থাকা দেশের প্রথম নির্বাচিত প্রধানমন্ত্রী হিসেবে পরিগণিত হয়েছেন । তিনি ২০১৪ সালের ২৬ শে মে প্রথমবারের জন্য প্রধানমন্ত্রী হিসেবে শপথগ্রহণ করেছিলেন । শ্রী মোদী এক্ষেত্রে পূর্বের প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুর রেকর্ড ভঙ্গ করেন । নরেন্দ্র মোদী আজ প্রধানমন্ত্রী হিসেবে ৪ হাজার ৩৯৯ দিন পূর্ণ করেছেন ।
কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ , ড.এস জয়শঙ্কর ,পীযুষ গোয়েল ,নির্মলা সীতারমণ এবং শিবরাজ সিং চৌহান সহ বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী সবচেয়ে বেশী সময়ের জন্য কার্যনির্বাহ করা নির্বাচিত প্রধানমন্ত্রী হিসেবে পরিগণিত হবার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অভিনন্দন জানিয়েছেন ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ সামাজিক মাধ্যমে জানান যে বিগত ১২ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের গৌরব ফিরিয়ে আনা ,সাংস্কৃতিক নবজাগরণের সূচনা করেছেন এবং দাসত্বের মানসিকতা থেকে মুক্ত করেছেন ।
মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সর্বাধিক সময়ের জন্য প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বভার পালন করে ইতিহাস রচনা করার জন্য রাজ্যের তিন কোটি ৫০ লক্ষ জনসাধারণের হয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অভিনন্দন জানিয়েছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় ড.শর্মা বলেন যে প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে আসাম কেবল উন্নয়নের ক্ষেত্রে গতি লাভ করা নয় বরং নতুন সম্ভাবনা ,নতুন আত্মবিশ্বাস ও নতুন পরিচয়ে দেশের উন্নয়নের যাত্রায় শক্তিশালী কেন্দ্র হিসেবে আত্মপ্রকাশ করেছে । বর্তমান নতুন আসামের এই যাত্রায় শ্রী মোদীর দৃষ্টিভঙ্গী সর্বদা প্রেরণার উৎস হয়ে থাকবে বলে তিনি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন এন ডি এ সরকারের ১২ বছর পূর্তি উপলক্ষ্যে আজ হাইলাকান্দির ঐতিহ্যবাহী সিদ্ধেশ্বর শিব মন্দিরে বিশেষ প্রার্থনা ও পূজার আয়োজন করা হয় । মন্দির প্রাঙ্গণে অনুষ্ঠিত এই বিশেষ পূজা অর্চনা ,প্রদীপ প্রজ্জ্বলন ইত্যাদি কার্যসূচীতে কাটিগড়ার বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ সহ বিজেপির নেতা কর্মীরা উপস্থিত ছিলেন ।

এদিকে বিজেপির হাইলাকান্দি টাউন মন্ডল কমিটির উদ্যোগেও আজ এন ডি এ সরকারের ১২ বছর পূর্তি উপলক্ষ্যে হনুমান মন্দিরে এক মহাযজ্ঞের আয়োজন করা হয় । এতে হাইলাকান্দির বিধায়ক ড.মিলন দাস সহ বি জে পির নেতা কর্মী এবং ভক্তরা অংশ গ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------------------

রাজ্য সরকার সর্বাত্মক এবং বাধাবিহীন শিক্ষা সুনিশ্চিত করার উদ্দেশ্যে সমগ্র রাজ্যের চা-বাগান অঞ্চলের ছাত্র-ছাত্রীদের জন্য বিনামূল্যে পরিবহণ উদ্যোম চালু করেছে । শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু আজ সামাজিক মাধ্যমযোগে এ কথা জানিয়েছেন । তিনি বলেন যে যাতায়াতের অসুবিধার জন্য ছাত্র-ছাত্রীদের শিক্ষা বর্ষের মধ্যবর্তী সময়ে বিদ্যালয় ত্যাগের সমস্যা রোধ করার উদ্দেশ্যেই বিনামূল্যে পরিবহণ-সুরক্ষা বাহন সুবিধা নামের এই প্রকল্প গ্রহণ করেছে । তিনি বলেন যে সরকারের এই পদক্ষেপের ফলে চা-বাগান অঞ্চলে বসবাসরত গরীব পরিবারগুলির প্রথম থেকে দশম শ্রেণী পর্যন্ত অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে পরিবহণ সুবিধা প্রদান করা হবে এবং এর ফলে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে সহায়তা করবে । রাজ্যের

১১টি জেলায় আগামী বছরের ৩১শে মার্চের মধ্যে বাস্তবায়ন করা এই প্রকল্পের মাধ্যমে ১শো ৯৮টি বিদ্যালয়ের ৯ হাজারের অধিক ছাত্র-ছাত্রী উপকৃত হবে । এই প্রকল্পের অধীনে প্রত্যেক ছাত্র-ছাত্রীর জন্য নিদৃষ্ট শিক্ষাবর্ষে ৫ হাজার ৪শো টাকার আর্থিক সহায়তা প্রদান করা হবে এবং বিদ্যালয় পরিচালন সমিতির মাধ্যমে স্থানীয় পর্যায়ে পরিবহণের ব্যবস্থা করা হবে ।

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এই প্রকল্প সম্পর্কে মত প্রকাশ করে বলেন যে এর ফলে হাজার হাজার ছাত্র-ছাত্রীর বিদ্যালয়মুখী যাত্রা অধিক সুরক্ষিত এবং সহজ হয়ে ওঠবে । তিনি বলেন যে রাজ্যে ইতিমধ্যে রূপায়িত পদক্ষেপসমূহের সঙ্গে এই ব্যবস্থা চা-বাগান অঞ্চলের ছেলে মেয়েদের শিক্ষা জীবন অধিক সুদৃঢ় করে তুলবে । রাজ্যের প্রত্যেক ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষার সমান সুযোগ নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর বলেও তিনি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------

শিক্ষামন্ত্রী রণোজ পেগু আজ জনতা ভবণে বিনামূল্যে পাঠ্যপুস্তক সম্পর্কীত রাজ্য পর্যায়ের সমিতির সদস্যদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন । বৈঠকে ২০২৭-২৮ শিক্ষাবর্ষ এবং ২০২৬-২৭ অর্থ বছরের জন্য বিনামূল্যে পাঠ্যপুস্তকের কাগজ ক্রয় , মুদ্রন , পরিবহণ এবং বিতরণ সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় । এছাড়াও বিভিন্ন কার্যসূচির সময়সীমা , শিক্ষাসেতু , দর্পন পোর্টাল ইত্যাদির মাধ্যমে নামভর্তীর তথ্য , প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার জন্য প্রয়োজনীয় আর্থিক সহায়তা , নতুন করে প্রবর্তন করা পাঠ্যপুস্তক সমূহের মুদ্রণ ব্যায় তথা পাঠ্যবই সহজে লাভ করার বিষয়টি নিশ্চিত করার জন্য ই-বুক ব্যবস্থা সহ অন্যান্য ডিজিট্যাল পদক্ষেপ সম্পর্কে আলোচনা করা হয় । শ্রী পেগু আধিকারিকদের নির্ধারিত সময়ের মধ্যে কার্যসূচি বাস্তবায়িত করার বিষয়টি নিশ্চিত করতে এবং তথ্যভিত্তিক পরিকল্পনায় সচ্ছতা রাখার নির্দেশ দেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের স্বাস্থ্য ক্ষেত্রকে অধিক উন্নত , প্রযুক্তি নির্ভর এবং বিশ্বমানের করে গড়া তোলার লক্ষ্যে চিকিৎসা , শিক্ষা ও গবেষণা বিভাগের উদ্যোগে আজ গৌহাটিতে আসম সি এস আর রাউন্ড টেবিল দ্বিতীয় পর্ব শীর্ষক এক অনুষ্ঠানের আয়োজন করা হয় । স্বাস্থ্য পরিবার কল্যাণ তথা চিকিৎসা শিক্ষা এবং গবেষণা বিভাগের মন্ত্রী অশোক সিংহল আনুষ্ঠানিকভাবে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন । তিনি উত্তর-পূর্বাঞ্চলে কেন্সার রোগের হার উদ্বেগজনকভাবে বৃদ্ধি পাবার কথা উল্লেখ করে বলেন যে টাটা গোষ্ঠীর সহায়তায় গঠিত আসাম কেন্সার কেয়ার ফাউন্ডেশনের মাধ্যমে রাজ্যব্যাপী কেন্সার রোগের

চিকিৎসার ক্ষেত্রে বিশেষ ব্যবস্থা গড়ে তুলা হয়েছে । ফলে রোগীরা রাজ্যেই উন্নত চিকিৎসা সেবা লাভ করতে সমর্থ হচ্ছেন বলে শ্রী সিংহল উল্লেখ করেন । বিদ্যালয়গুলিতে গঠন করা স্বাস্থ্য ক্লাব সমূহের ভূমিকার ওপর আলোককপাত করে তিনি বলেন যে সুস্থ সমাজ গড়ার জন্য বিদ্যালয় পর্যায় থেকেই স্বাস্থ্য সচেতনতা সৃষ্টি করতে হবে । শ্রী সিংহল আরো বলেন যে যদিও স্বাস্থ্য ক্ষেত্রে সরকারের বৃহৎ বিনিয়োগ অব্যাহত রয়েছে তবে কোন কোন ক্ষেত্রে দ্রুত বিকাশের জন্য কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার অংশিদারিত্বও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে । এর আগে তিনি প্রযুক্তি প্রতিষ্ঠান , চিকিৎসা সামগ্রী নির্মান সংস্থা , বিনিয়োগকারী সংস্থা এবং ষ্টার্ট-আপ গুলিকে রাজ্যের স্বাস্থ্য ক্ষেত্রের রূপান্তর মূলক যাত্রায় সক্রিয়ভাবে অংশ গ্রহণ করার আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------

রাজ্যসভার সভাপতি সি পি রাধাকৃষ্ণণ তৃণমূল কংগ্রেসের সাংসদ সুষ্মিতা দেবের পদত্যাগ পত্র গ্রহণ করেছেন । পদত্যাগের পর শ্রীমতি দেব নতুন দিল্লীতে আসামের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার সঙ্গে সাক্ষাৎ করেন । উল্লেখ্য, আসাম প্রদেশ কংগ্রেসের প্রবীন নেতা কেন্দ্রীয় মন্ত্রী প্রয়াত সন্তোষ মোহন দেবের কন্যা সুষ্মিতা দেব ২০২১ সালে কংগ্রেস দল ত্যাগ করে তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছিলেন । শিলচর লোকসভা আসন থেকে তিনি সাংসদ হিসেবেও নির্বাচিত হয়েছিলেন । ইতিমধ্যে দলত্যাগ করার পর শ্রীমতি দেব সাংবাদিকদের বলেন ।

( বাইট - সুষ্মিতা দেব )

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলাবাসীর দীর্ঘদিনের জমি সংক্রান্ত সমস্যা সমাধানে বিশেষ করে জমি ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে এন ও সি প্রাপ্তি নিয়ে আজ জেলার আবর্ত ভবনে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে । হাইলাকান্দির বিধায়ক ড.মিলন দাসের তৎপরতায় আয়োজিত এই বৈঠকে অতিরিক্ত জেলা আয়ুক্ত ( ভূমি ও রাজস্ব ) ,জেলার রাজস্ব চক্রের সার্কেল অফিসাররা , প্রবীণ নাগরিক ফোরামের প্রতিনিধিগণ সহ বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন । বৈঠকে আলোচনার পর এখন থেকে জমি ক্রয় বিক্রয়ের জন্য প্রয়োজনীয় এন ও সি অনলাইনের পাশাপাশি অফলাইন পদ্ধতিতে সংগ্রহ করার বিষয় সহ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয় । বিধায়ক ড. মিলন দাস জানান যে জেলার অভিভাবক মন্ত্রী কৌশিক রাই শীঘ্রই হাইলাকান্দি সফরে আসছেন । সেইসময়

অনুষ্ঠেয় জেলা পর্যালোচনা বৈঠকেও জমি সংক্রান্ত বিষয়গুলি পুনরায় উত্থাপন করা হবে এবং সমস্যাগুলির স্থায়ী সমাধানের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে ।

-----------------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা কৃষি আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জেলার পঞ্জীয়নকৃত যোগ্য কৃষকদের চলতি খারিফ মরশুমে বিভিন্ন সরকারী প্রকল্পের অধীনে উন্নত মানের শাইল ধানের বীজ, তৈলবীজ , ডাল জাতীয় শস্যের বীজ এবং উদ্যোন শস্যের ফল ও ফুলের চারা সরবরাহ করা হবে বলে জানিয়েছেন । এই সামগ্রীগুলি মূলত প্রদর্শনীমূলক ক্ষেতের জন্য প্রদান করা হবে । বিজ্ঞপ্তীতে আরো বলা হয়েছে যে এই সুবিধা গ্রহনে ইচ্ছুক পঞ্জীয়ন কৃষকরা যেন অবিলম্বে তাদের নাম নথিভুক্ত করার জন্য নিকটবর্তী কৃষি সম্প্রসারন সহায়ক , কৃষি উন্নয়ন আধিকারীক , রামকৃষ্ণনগরের মহকুমা কৃষি আধিকারীকের বা শ্রীভূমি জেলা কৃষি আধিকারীকের কার্যলয়ে যোগাযোগ করতে পারবেন । বিশদ বিবরন জেলা কৃষি আধিকারীকের কার্যলয়ে পাওয়া যাবে ।

-----------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার শ্রম আধিকারীক জেলায় শিশু শ্রমের বিরুদ্ধে লড়াইয়ে যোগ দিতে সর্বস্তরের জনসাধারনের প্রতি আহ্বান জানিয়েছেন । জেলা শ্রম বিভাগের পক্ষ থেকে সমাজে শিশু শ্রমের বিরুদ্ধে শূন্য সহনশীলতা গড়ে তোলার আহ্বান জানানো হয়েছে । নিজের বাড়ি , দোকান বা ব্যবসা প্রতিষ্ঠানে কোন শিশুকে নিয়োগ না করার পাশাপাশি কোথাও কোন শিশুকে বিপদজ্জনক বা অবৈধ পরিস্থিতিতে শ্রমে নিয়োজিত অবস্থায় দেখা গেলে অবিলম্বে জাতীয় হেল্প লাইন নম্বর ১০৯৮ বা অনলাইন পেন্সিল পোর্টালে অভিযোগ জানাতে অনুরোধ জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

শ্রীভূমির স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তী জারী করে স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলির নিবন্ধনের বৈধতা যাচাই করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে নির্দেশ দেওয়া হয়েছে । স্বাস্থ্য বিভাগ সূত্রে জানানো হয়েছে যে জনস্বার্থে এবং স্বাস্থ্য সেবায় স্বচ্ছতা , জবাবদিহিতা ও মানসম্পন্ন চিকিৎসা পরিষেবা নিশ্চিত করার লক্ষ্যে ক্লিনিকেল এস্টাবলিশমেন্ট(রেজিষ্ট্রেশন ও রেগুলেশন ) আইন-২০১০ কঠোরভাবে কার্যকর করা হবে । একই সঙ্গে সাধারন নাগরিকদের চিকিৎসা গ্রহনের আগে সংশ্লিষ্ট ক্লিনিক, নার্সিং হোম বা স্বাস্থ্য প্রতিষ্ঠানের বৈধ নিবন্ধন রয়েছে কি না , তা যাচাই করার পরামর্শ দেওয়া হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------